

স্মারক নং : ৪৬.০৪.০০০০.১০১.৩৭.০০২.২২-

৪২২

তারিখ : ২২-০৩-২০২৩ খ্রিঃ
০৮-১১-১৪২৯বাং

বিষয় : রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন- এর সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ ওসমান ভূইয়া

ডেপুটি রেজিস্ট্রার জেনারেল (ফুয়সচিব), জন্ম ও মৃত্যু নিবন্ধন।

তারিখ ও সময় : ২২ মার্চ, ২০২৩, সকাল ১১.০০ ঘটিকা।

তার স্থান : রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়ের সভাকক্ষ।

তার উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) হল নাগরিক (সেবাগ্রহীতাদের) ও সেবাদাতাদের মধ্যকার একটি চুক্তি (agreement) যেখানে সেবা প্রদান সংক্রান্ত যাবতীয় বিবরণ ও নির্দেশনা বিবৃত থাকে। এই সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা প্রক্রিয়ায় স্বচ্ছতা ও শৃঙ্খলা আনয়ন করে। তাছাড়া, সেবা সংক্রান্ত তথ্য নাগরিকদের নিকট সহজলভ্য করা, সেবা কার্যক্রমে নাগরিকদের অংশীদারিত্ব বৃদ্ধি, সরকারি কর্মচারীদের জবাবদিহিতা বৃদ্ধি করতে ব্রতপূর্ণ ভূমিকা পালন করে। উল্লেখ্য, জন্ম ও মৃত্যু নিবন্ধন দেশব্যাপী ও বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস/মিশনসমূহে পরিচালিত একটি ব্যাপক কর্মকাণ্ড। বিভিন্ন নাগরিক সেবা প্রাপ্তি, স্কুলে ভর্তি, টিকা গ্রহণ, সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ভাতা প্রাপ্তিসহ নানাবিধ যোজনে জন্ম ও মৃত্যু সনদ ব্যবহৃত হয়। ফলে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের চাহিদা ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। তাই সম্ভব কারণে রেজিস্ট্রার জেনারেল কার্যালয়ের সেবার পরিধিও বৃদ্ধি পেয়েছে। তাই রেজিস্ট্রার জেনারেল কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)-টি হালনাগাদ থাকা প্রয়োজন। সভাপতি মহোদয় রেজিস্ট্রার জেনারেল কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)-টি ভায় উপস্থাপনের অনুরোধ করেন। অতঃপর সহকারী রেজিস্ট্রার জেনারেল (আইন ও গবেষণা) জনাব সামিউল ইসলাম রাহাদ সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) উপস্থাপন করেন।

ভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

১. রেজিস্ট্রার জেনারেল কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতির 'প্রতিষ্ঠানিক সেবার' ১ নং ক্রমিকে বর্ণিত সেবা 'জন্ম ও মৃত্যু নিবন্ধনের স্থা যাচাই' এর সেবা প্রদান পদ্ধতিটি সংশোধন করতে হবে।

২. সেবা প্রদানের সময়সীমা উল্লেখ 'দিন' এর পরিবর্তে 'কর্মদিবস' হবে।

৩। সেবা প্রদান প্রতিশ্রুতির 'প্রাতিষ্ঠানিক সেবার' ৪ নং ক্রমিকে বর্ণিত সেবা 'দূতাবাস এবং সকল জেলার DDLG গণদের ইউ আইডি প্রদান'-টি সংশোধন করতে হবে। DDLG, UNO কর্তৃক তার অধিক্ষেত্রের নিবন্ধক ও নিবন্ধক সহকারীদের ইউজার প্রদান সংক্রান্ত কার্যাবলি সংযোজন করতে হবে।

৪। সেবা প্রদান প্রতিশ্রুতির 'প্রাতিষ্ঠানিক সেবার' ৫ নং ক্রমিকে বর্ণিত সেবা 'নতুন দেশ সংযোজন' এর স্থলে হবে 'দেশ/দূতাবাস/মিশন সংযোজন'।

০২। সভার আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।



জনাব মোঃ ওসমান হুইয়া
ডেপুটি রেজিস্ট্রার জেনারেল (যুগ্ম সচিব)
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
জন্ম ও মৃত্যু নিবন্ধন
ফোনঃ ২২২৩৩৫৫৮৯২
ই-মেইলঃ drgl@gmail.com

স্মারক নং : ৪৬.০৪.০০০০.১০১.৩৭.০০২.২২-৪২২(৭/১২)

তারিখ : ২২-০৩-২০২৩ খ্রিঃ
০৮-১১-১৪২৯ বাং

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। জনাব ফাহিমদা শিরিন, প্রোগ্রামার, জন্ম ও মৃত্যু নিবন্ধন।
- ০২। জনাব মোঃ ফরহাদ হোসেন, সহকারী রেজিস্ট্রার জেনারেল (প্রশাসন ও অর্থ), জন্ম ও মৃত্যু নিবন্ধন।
- ০৩। জনাব আখতার জামিল, সহকারী রেজিস্ট্রার জেনারেল (প্রশিক্ষণ ও মনিটরিং), জন্ম ও মৃত্যু নিবন্ধন।
- ০৪। জনাব সামিউল ইসলাম রাহাদ, সহকারী রেজিস্ট্রার জেনারেল (আইন ও গবেষণা), জন্ম ও মৃত্যু নিবন্ধন।

অনুলিপি: সদয় অবগতির জন্য

- ০১। রেজিস্ট্রার জেনারেলের ব্যক্তিগত সহকারী [রেজিস্ট্রার জেনারেল (অতিরিক্ত সচিব) মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ০২। ডেপুটি রেজিস্ট্রার জেনারেলের ব্যক্তিগত সহকারী [ডেপুটি রেজিস্ট্রার (যুগ্মসচিব) মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ০৩। ডেপুটি রেজিস্ট্রার জেনারেলের ব্যক্তিগত সহকারী [ডেপুটি রেজিস্ট্রার (যুগ্মসচিব) মহোদয়ের সদয় অবগতির জন্য]